

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭২১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

আরবী

وَعَنْ بُرَيْدَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «بَشِّرِ الْمَشَّائِينَ فِي الظُّلَمِ إِلَى الْمَسَاجِدِ بِالنُّورِ التَّامِّ يَوْمَ الْقِيَامَةِ» . رَوَاهُ التِّرْمِذِيّ وَأَبُو دَاوُد

বাংলা

৭২১-[৩৩] বুরায়দাহ্ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কিয়ামতের (কিয়ামতের) দিনের পূর্ণ জ্যোতির সুসংবাদ দাও তাদেরকে যারা অন্ধকারে মসজিদে যায়। (তিরমিযী ও আবু দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ লিগয়রিহী : তিরমিয়ী ২২৩, আবৃ দাউদ ৫৬১, সহীহ আতৃ তারগীব ৩১৫। যদিও ইমাম তিরমিয়ী হাদীসটির সানাদকে দুর্বল বলেছেন। কিন্তু দশেরও অধিক সাহাবী থেকে বর্ণিত এর অনেক শাহিদমূলক বর্ণনা থাকায় তা সহীহ-এর স্তরে উন্নীত হয়েছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: 'অন্ধকার রাত্রে' হাদীসের ভাষ্যমতে 'ইশা ও ফাজরের (ফজরের) সালাত উদ্দেশ্য। কেননা এ দু'টি সালাত (সালাত/নামায/নামাজ) অন্ধকারে অনুষ্ঠিত হয়।

غُوْرٌ আলো, আলোর বৈশিষ্ট্য পরিপূর্ণভাবে। আর এটা নির্ধারিত ক্নিয়ামাতের (কিয়ামতের) দিনের সাথে যেদিন মু'মিন্দের চেহারাগুলো আলোয় চমকাবে। ক্নিয়ামাতের (কিয়ামতের) দিনে আল্লাহর বাণীঃ

نُورُهُمْ يَسْعَى بَيْنَ أَيْدِيهِمْ وَبِأَيْمَانِهِمْ يَقُولُونَ رَبَّنَا أَتْمِمْ لَنَا نُوْرَنَا

"তাদের নূর তাদের সামনে ও ডানদিকে ছুটোছুটি করবে; তারা বলবে, হে আমাদের পালনকর্তা! আমাদের নূরকে পূর্ণ করে দিন।" (সূরাহ্ আত্ তাহরীম ৬৬ : ৮)



আর মুনাফিক্নদের অবস্থা। আল্লাহ বলেনঃ

يَوْمَ يَقُولُ الْمُنَافِقُونَ وَالْمُنَافِقَاتُ لِلَّذِيْنَ امَنُوا انْظُرُوْنَا نَقْتَبِسْ مِنْ نُورِكُمْ

"যেদিন কপট বিশ্বাসী পুরুষ ও কপট বিশ্বাসিনী নারীরা মু'মিনদেরকে বলবেঃ তোমরা আমাদের জন্য অপেক্ষা করো আমরাও কিছু আলো নিব তোমাদের জ্যোতি হতে।" (সূরাহ্ আল হাদীদ ৫৭ : ১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন